



নোবিপ্রবি/জনপ্রকাপের বিজ্ঞপ্তি/২০২২/১৫০৭

১৬ ডিসেম্বর ২০২২

সংবাদ বিজ্ঞপ্তি

বর্ণাচ্য আয়োজনে নোবিপ্রবিতে মহান বিজয় দিবস-২০২২ উদযাপিত

বর্ণাচ্য আয়োজনে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) মহান বিজয় দিবস ২০২২ উদযাপিত হয়েছে। আজ শুক্রবার (১৬ ডিসেম্বর ২০২২) নানা কর্মসূচির মধ্য দিয়ে বিশ্ববিদ্যালয়ের বিজয় দিবস পালিত হচ্ছে। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নোবিপ্রবির মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম। কর্মসূচির মধ্যে রয়েছে, নোবিপ্রবি শহীদ মিনার ও জাতির পিতার প্রতিকৃতিতে শ্রদ্ধাঙ্গলি নিবেদন, আনন্দ শোভাযাত্রা, আলোচনা সভা, সচেতনতামূলক সাইকেল র্যালি, মিলাদ মাহফিল, সাংস্কৃতিক অনুষ্ঠান ও প্রীতি ফুটলব ম্যাচ।

সকাল ৯.৩০ মিনিটে নোবিপ্রবির শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীদের অংশগ্রহণে মুক্তিযুদ্ধের স্মৃতি ভাস্কর্যের সামনে জাতীয় পতাকা উত্তোলন, জাতীয় সঙ্গীত পরিবেশন ও পায়রা উড়িয়ে অনুষ্ঠানের উদ্বোধন করেন মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম। পরে এক বর্ণাচ্য আনন্দ শোভাযাত্রা প্রশাসনিক ভবনের সামনে থেকে শুরু হয়ে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন এলাকা থদক্ষিণ শেষে শহীদ মিনার ও জাতির পিতার প্রতিকৃতিতে পুস্পস্তক অর্পণের মাধ্যমে শেষ হয়। এসময় নোবিপ্রবির মাননীয় উপাচার্য এবং বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ইনসিটিউট, বিভাগ, হল, শিক্ষক সমিতি, অফিসার্স এসোসিয়েশন, কর্মচারীবৃন্দ, নোবিপ্রবি নীল দল ও ছাত্র সংগঠনের পক্ষ থেকে শহীদ মিনারে শ্রদ্ধাঙ্গলি নিবেদন করা হয়।

পরে নোবিপ্রবি শহীদ মিনার প্রাঙ্গণে বিজয় দিবসের আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথির বক্তব্যে মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম বলেন, ‘বিজয়ের এই দিনে আমি হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও ৩০ লক্ষ শহীদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করছি। একই সঙ্গে আমি স্বাধীনতা বিরোধীকরে সকল ঘড়িয়ের বিরণে সবাইকে সোচ্চার হওয়ার আহ্বান জানাচ্ছি। মুক্তিযুদ্ধে পরাজিত শক্তির বিরুদ্ধে সবাইকে সতর্ক থাকতে হবে। জাতির পিতার আদর্শকে সমৃদ্ধত রাখতে হবে। বাংলাদেশ এগিয়ে যাবে, এই বিশ্ববিদ্যালয় এগিয়ে যাবে। সবাইকে একসাথে কাজ করতে হবে। পরিশেষে আমি সেই মহান নেতা হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি বিন্মু শ্রদ্ধা নিবেদন করছি। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।’

অনুষ্ঠানে অন্যদের মাঝে আরও বক্তব্য রাখেন, নোবিপ্রবি শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর, শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক প্রফেসর ড. ফিরোজ আহমেদ, রেজিস্ট্রার (অ.দা.) মোহাম্মদ জসিম উদীন, অফিসার্স এসোসিয়েশনের সভাপতি সাখাওয়াত হোসেন, সাধারণ সম্পাদক মেজবাহ উদ্দিন পলাশ ও কর্মচারীদের পক্ষে আবদুল্লাহ-আল মামুন। অনুষ্ঠানটি সঠগলনা করেন ছাত্র পরামর্শ ও নির্দেশনা বিভাগের পরিচালক জনাব বিপ্লব মল্লিক।

সভাপতির বক্তব্যে নোবিপ্রবির মাননীয় উপ-উপাচার্য ও জাতীয় দিবস উদযাপন কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল বাকী বলেন, ‘বিজয়ের এই দিনে আমি হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করছি। বিজয় দিবসের এই ক্ষণে বর্ণাচ্য আয়োজনকে যারা সফল করেছেন তাদের সবার প্রতি ধন্যবাদ জ্ঞাপন করছি। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।’

উল্লেখ্য, মহান বিজয় দিবস ২০২২ উপলক্ষে ‘নোবিপ্রবি’র বিভিন্ন ভবন ও প্রধান ফটক দৃষ্টিনন্দন আলোকসজ্জায় সজ্জিত করা হয়।

R. Kausar

রাইয়ান কায়সার হাশেম

সহকারী রেজিস্ট্রার

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।